গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.০১৫.০০.০০.০১৮.২০১০- ৬২৩

তারিখঃ ১১ - ০৮ - ১৪২১ বাং
২৫ - ১১ - ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজ, গাজীপুর এ বেসিক বিএসসি নার্সিং এবং পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্স চালুর অনুমোদন ।

সূত্রঃ BBMemo Trust/2014/386, dated: 21/09/2014.

উপর্যুক্ত বিষয়ে তাঁর আবেদন এবং বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কলেজ/কোর্স চালুকরণ সংক্রান্ত এ মন্ত্রণালয়ে গঠিত নীতি নির্ধারণী কমিটির ১৮-১১-২০১৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজ, গাজীপুর এ ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষ হতে ০৪ বছর মেয়াদি বেসিক বিএসসি নার্সিং কোর্সে ৫০টি (পঞ্চাশ) এবং পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্সে ৪০টি (চল্লিশ) আসন বরাদ্দপূর্বক নার্সিং কলেজ ও শিক্ষার্থী ভর্তির সাময়িক অনুমোদন নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে প্রদান করা হলো ।

শর্তাবলিঃ

১. নীতিমালা অনুযায়ী শিক্ষক-শিক্ষার্থী অনুপাত রক্ষার জন্য যথাযথ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন অধ্যাপক, সহকারী অধ্যাপক, ক্লিনিক্যাল ইনস্ট্রাক্টর বৃদ্ধি করতে হবে।
২. নার্সিং কলেজের শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধিসহ শিক্ষা উপকরণ বৃদ্ধি করতে হবে।
৩. সকল নিয়োগ লিখিত পত্র দ্বারা সম্পন্ন করতে হবে যাতে অবশ্যই চাকুরির শর্তাবলি ও বেতন-স্কেল উল্লেখ থাকবে, কোন ক্রমেই সরকারি বেতন কাঠামোর কম বেতন প্রদান করা যাবে না। নিয়োগপত্রের অনুলিপি বাংলাদেশ নার্সিং কাউন্সিলে প্রেরণ করতে হবে।
৪. শিক্ষার্থী ও শিক্ষকগণের অধ্যায়নের জন্য পাঠাগার সমৃদ্ধ করতে হবে এতে কারিকুলামভুক্ত পাঠ্যবই, দেশি-বিদেশি নার্সিং বিষয়ক বই, প্রয়োজনীয় অন্যান্য বই, সাময়িকী, জার্নাল, পত্রিকা ও আসবাবপত্র পর্যাপ্ত পরিমান বৃদ্ধি করতে হবে। ক্যাম্পাসে খেলাধুলা এবং সুষ্ঠু বিনোদনের ব্যবস্থা রাখতে হবে।
৫. নার্সিং কলেজের জন্য প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা ৭টি ল্যাব সুসজ্জিত করতে হবে।
৬. সরকারি ভর্তি নীতিমালা অনুসরনে ১০% পুরুষ শিক্ষার্থী ভর্তির বিষয়টি নিশ্চিত করতে হবে।
৭. নিয়োগকৃত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন হালনাগাদ থাকতে হবে।
৮. ভর্তি প্রক্রিয়ায় এবং সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বিএনসির প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

সদস্য-সচিব
জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট
বঙ্গবন্ধু ভবন
রোড নং-৩২, ধানমন্ডি আবাসিক এলাকা,
ঢাকা-১২০৯।

নং-৪৫.১৫৮.০১৫.০০.০০.০১৮.২০১০- ৬২৩/১(১০)

তারিখঃ ১১ - ০৮ - ১৪২১ বাং
২৫ - ১১ - ২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল বা/এ, ঢাকা।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
৮। চীফ এক্সিকিউটিভ অফিসার, শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে স্পেশালাইজড হসপিটাল এন্ড নার্সিং কলেজ, তেতুলবাড়ী, কাশিমপুর, গাজীপুর।
৯। অধ্যক্ষ, শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজ, তেতুলবাড়ী, কাশিমপুর, গাজীপুর।
১০। যুগ্মসচিব (হাসপাতাল ও নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৫/১১/২০১৪

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৫৮.০২৭.০০.০০.০২৯.২০১৩- তারিখ ১৬ - ০৮ - ১৪২১ বাং / ৩০ - ১১ - ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ **দন্ড মওকুফের আপিল আবেদন প্রসংগে।**

সূত্রঃ (১) সেবা পরিদপ্তরের ০৮-০৭-২০১৪ খ্রিঃ তারিখের ডিএনএস/শা-১/১শ-৮৫৭/৯৯/৫০১৭ সংখ্যক স্মারক।
(২) তাঁর ০৯-০৭-২০১৪ খ্রিঃ তারিখের আবেদন।
(৩) সেবা পরিদপ্তরের ২৬-০৮-২০১৪ খ্রিঃ তারিখের ডিএনএস/শা-১/১শ-৮৫৭/৯৯/৬৯০৪ সংখ্যক স্মারক।
(৪) তাঁর ০৩-১১-২০১৪ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ৪ নং সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে সেবা পরিদপ্তরের ১নং সূত্রে বর্নিত দন্ডাদেশের বিরুদ্ধে দাখিলকৃত তাঁর ২ নং সূত্রে বর্নিত আপিল আবেদনের উপর পূর্ব নির্ধারিত ২৭-১১-২০১৪ খ্রিঃ তারিখে অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক শুনানী গ্রহন করা হয়েছে। উক্ত শুনানীর ধারাবাহিকতায় পরবর্তী শুনানীও আগামী ০৩-১২-২০১৪ খ্রিঃ তারিখ (বুধবার) সকাল ১০:৩০ ঘটিকায় এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-৩১১, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) গ্রহণ করা হবে।

বর্নিত শুনানীর জন্য তাঁকে উক্ত তারিখে প্রয়োজনীয় সকল কাগজপত্রাদিসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪৫৭৭৯

মোছাঃ শবনম মোস্তারী
পিতা-মোঃ মখলেছুর রহমান
(প্রাক্তন সিনিয়র স্টাফ নার্স
রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর)
গ্রামঃ কালিকাপুর,ডাকঘরঃ-দূর্গাপুর বাজার
উপজেলাঃ পার্বতীপুর
জেলাঃ দিনাজপুর।

নং-৪৫.১৫৮.০২৭.০০.০০.০২৯.২০১৩- ৬২৯/১ (৭) তারিখ ১৬ - ০৮ - ১৪২১ বাং / ৩০ - ১১ - ২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। উপ-সচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। পরিচালক, সেবা পরিদপ্তরের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট সিনিয়র স্টাফ নার্সকে উক্ত তারিখে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
২। পরিচালক, সেবা পরিদপ্তর, ঢাকা। উক্ত শুনানীর তারিখ ও সময়ে একজন উপর্যুক্ত প্রতিনিধি প্রেরনপূর্বক সংশ্লিষ্ট নথি/দলিলাদি নিয়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।
৩। পরিচালক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
৪। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের দাপ্তরিক কর্মসূচীতে অন্তর্ভূক্ত করার জন্য)।
৬। যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। যুগ্ম-সচিব (নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩০/১১/১৪
(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব

Latter All-2013 (New Folder-2011. New folder)